

চট্টগ্রাম বৃহস্পতিবার ১৮ আগস্ট ২০১১

দৈনিক পূর্বকোণ

। ২৬তম বর্ষ ১৮৪তম সংখ্যা ।। ৩ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ ।। ১৭ রমজান ১৪৩২ হিজরি ।। Thursday 18 August 2011 ।।

প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধন

বেসরকারী ও স্বেচ্ছাসেবী উন্নয়নমূলক এবং অলাভজনক সংস্থা ভাসা ফাউন্ডেশনের অর্থায়নে ও পরিচালনায় গত আগস্ট ১৩, ২০১১ ইং, রোজ শনিবার সীতাকুণ্ড থানায় ৭নং কুমিরা ইউনিয়ন পরিষদে হিংগিরি পাড়ায় টিএসডি প্রকল্পের আওতায় সেলাই, বুক, বাটিক, গার্মেন্টস ও এমব্রয়ডারি প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন ৭নং কুমিরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব জসীম উদ্দিন আহমেদ চৌধুরী। সভাপতিত্ব করেন সংস্থার নির্বাহী পরিচালক জনাব পরিমল কান্তি পাল। এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন প্রকল্প পরামর্শক জনাব প্রকৌশলী প্রিয়তোষ নন্দী, মহিলা মেম্বার জনাবা মাস্টার রহিমা বেগম ও ফাতেমা বেগম, জনাব রাজু চৌধুরী প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত বক্তারা বলেন, আত্মকর্ম-সংস্থান, কর্মদক্ষতা ও স্বাবলম্বী হওয়ার জন্য প্রশিক্ষণের বিকল্প নাই। উল্লেখ্য, ভাসা ফাউন্ডেশন "TSD বা Training for Skill Development" প্রকল্প হাতে নিয়ে ৯৬০০ জন উপকার ভোগীদেরকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়। এরই ধারাবাহিকতায় হিংগিরি পাড়ায় প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ উদ্বোধন করা হয়। ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ এলাকায় প্রশিক্ষণ কর্মসূচি শুরু করার জন্য ভাসা ফাউন্ডেশন কর্তৃপক্ষকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

নং-২০১১০৮১৮০০৮সি/৮৭